



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ বিভাগ



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৩১/১

তারিখ: ১১ জুলাই ২০২১

বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড সংক্রান্ত তথ্য প্রেরণের সময়সীমা বৃদ্ধি

এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২৮ জুন, ২০২১ খ্রি. তারিখের ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৩১ সংখ্যক বিজ্ঞপ্তিতে বর্ণিত নিবন্ধন কার্ডে গরমিল পরিলক্ষিত হলে সংশোধনের জন্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক তালিকা ই-মেইলে প্রেরণের সময়সীমা ৩১ জুলাই, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

২। প্রতিষ্ঠানে সংরক্ষিত শিক্ষার্থীদের তথ্য থেকে নিবন্ধন কার্ডের তথ্য যাচাই করতে হবে। তথ্য যাচাইয়ের জন্য শিক্ষার্থীদের কোনোভাবেই প্রতিষ্ঠানে আনা যাবে না। শিক্ষার্থী কর্তৃক নিবন্ধনের তথ্য যাচাইয়ের জন্য বোর্ড থেকে পরবর্তীতে শিক্ষার্থীদের মোবাইল নম্বরে তথ্য প্রেরণ করা হবে।

৩। গরমিলের তথ্য ic@jessoreboard.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে।

১১-০৭-২০২১

(কে এম রক্বানী)

কলেজ পরিদর্শক

ফোন : ০১৭৩৩২২২০০৫

ই-মেইল: ic@jessoreboard.gov.bd

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-কলেজ পরিদর্শক, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর